উপজেলা পরিষদ
দাকোপ, খুলনা।

আগস্ট/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আসমত হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ : ২৬/০৮/২০২৫ খ্রি।
সময় : ১১ : ৩০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'
অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। অতঃপর দপ্তর ভিত্তিক বিভিন্ন আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | দপ্তরের নাম | দপ্তরভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অভ্যন্তরীণ কোনো স্থানে ড্রেন নেই। যা আছে তা প্রয়োজনের তুলনায় অপর্যাপ্ত। স্বাস্থ্য কমপ্লেক্সের সামনের মাঠটি বেশ নিচু। বর্ষা মৌসুমে অল্পতেই জলাবদ্ধতার সৃষ্টি হয়। যে কারণে রোগী ও অন্যান্য উপস্থিতদের সেবা প্রদানে সমস্যা হয়। ২০২৫-২০২৬ অর্থ বছরে এডিপি-র উপজেলা পরিষদের বিশেষ কোনো বরাদ্দ থেকে উক্ত মাঠে বালু ভরাটের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দ থেকে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| | | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনের পৌজান ঘাটটি দীর্ঘদিন যাবৎ নষ্ট হয়ে আছে। এক সময়ে এই ঘাট দিয়ে রোগীসহ সাধারণ মানুষ ঘাটটি ব্যবহার করত। বিশেষ করে গর্ভবতী মায়েদের জন্য এই ঘাটটি নির্মাণ করা খুব জরুরী। চলমান অর্থ বছরের এডিপি অথবা উপজেলা পরিষদের যে কোনো খাত প্রকল্প গ্রহণের বিষয়ে অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| ২. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা আগস্ট/২০২৫মাসে তার দপ্তরের অগ্রগতি তুলে ধরে বলেন, সরকারিভাবে কৃত্রিম প্রজনন হিমায়িত সিমেন দ্বারা ৮৫০ মাত্রা। গবাদী পশুর টিকা প্রদান ১,৩২৮ মাত্রা। হাঁস-মুরগী টিকা প্রদান ৩৬,০০০ মাত্রা। গবাদী পশুর চিকিৎসা প্রদান ১,৯২৩ টি। হাঁস-মুরগী চিকিৎসা প্রদান ৯,১০৮ টি। এছাড়া গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা ও গবেষণাগারে প্রেরণ ২০ টি। গবাদিপশু-পাখির ডিজিজ সার্ভিলেন্স (সংখ্যা) ১ টি। ফ্রী ভেটেনারী মেডিকেল ক্যাম্প স্থাপন ২ টি। স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ ২.০০ একর। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন করা হয় ১০ টি। রাজস্ব আয়: কৃত্রিম প্রজনন বাবদ ৬৩,৭৫০/- টাকা এবং টিকা বীজ | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণসহ মাঠ পর্যায়ে সেবা প্রদানের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাবদ ১৭,৫৭৫ টাকা । অন্যান্য ১,২০০/- টাকা। ৪ টি উঠান বৈঠক করাসহ তিলডাঙ্গা ইউনিয়নে কাঁকড়াবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রতিদিন ২২২ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ২০০ মিলি করে বিনা মূল্যে দুধ খাওয়ানো কার্যক্রম চলমান আছে। এযাবৎ ৫১৮ লি: দুধ সরবরাহ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ৩. | উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়। | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলার সকল ইউনিয়নে পর্যাপ্ত সবজি চাষ হয়েছে। এ ধরনের চাষাবাদে কৃষকদের আরো উৎসাহিত করতে উপজেলা কৃষি অফিস মাঠ পর্যায়ে সকলের সহযোগিতা করার আহ্বান জানান। দাকোপ খেয়াঘাট থেকে কালিনগর পর্যন্ত রাস্তা এবং কামারখোলা ইউনিয়নে বিভিন্ন রাস্তার বেহাল দশা। সবজি চাষ করে সফলতা পেতে ভালো পরিবহন ব্যবস্থার বিকল্প নেই। সে লক্ষ্যে উক্ত রাস্তার বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলী। |
| ৪. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের আগস্ট/২০২৫ মাসের কাজের অগ্রগতিঃ-মোট সক্ষম দম্পতি-৩২,৩৫০ জন, সর্বমোট পদ্ধতি গ্রহণকারী-২৪,০১৪ জন, পদ্ধতি গ্রহণকারীর হার-৭৫.২৩%।<br><br>এছাড়া বিতরন সংক্রন্ত; খাবার বড়ি-১৭০ চক্র, কনডম-৪৮ পিচ, ইনজেকশন-৫৭৭ পিচ, ইমপ্লান্ট-৩২ টি, আইইউডি-০ টি বিতরণ করা হয়েছে। জন্ম নিয়ন্ত্র সামগ্রী পর্যাপ্ত না থাকায় বিতরন করা সম্ভব হয়নী। তবে অতসেপ্টেম্বর মাসে খারা বড়ি-১৯,২০০ চক্র, কনডম- ২১,৬০০ পিচ, ইনজেকশন-২,০০০ পিচ, আইইউডি-১০ পিচ পাওয়া গেছে এবং মাঠ পর্যায়ে সরবরাহ করা হয়েছে আশাকরা হচ্ছে এ মাসে বিতরণসহ গ্রহণকারী বৃদ্ধি পাবে। মা ও শিশু স্বাস্থ্য সেবাঃ দাকোপ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে আগস্ট/২০২৫ মাসে গর্ভবতী সেবা-৬৩ জন, গর্ভোত্তর সেবা-১৫ জন, শিশু সেবা-১২৭ জন, সাধারন রোগি সেবা-৫৪০ জন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার বিষয়ে উপজেলা পরিবার পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে বলা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| ৫. | উপজেলা প্রকৌশল দপ্তর। | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থ বছরে নির্দিষ্ট সময়ের মধ্যে এডিপির কাজ সম্পন্নের লক্ষ্যে পূর্বের ন্যায় প্রকল্প দাখিলের জন্য ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে | ইউপি চেয়ারম্যানগন বিগত বছরের বরাদ্দের সাথে সামঞ্জস্য রেখে অতিদ্রুত প্রকল্প তালিকা দাখিল করবেন। | উপজেলা প্রকৌশল কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ জানান যে, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প এবং উপকূলীয় অঞ্চলের বৃষ্টির পানি সংরক্ষণের প্রকল্প চলমান আছে। প্রাথমিক বিদ্যালয়ের একতলা বিশিষ্ঠ ওয়াস ব্লকের কাজ সম্পন্ন হয়েছে। ৪০ টি ওয়াস ব্লকের কাজ চলমান আছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয়টি সঠিক বাস্তবায়ন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| ৭. | উপজেলা সমাজসেবা কার্যালয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান সময়ে উপজেলা পরিষদের সাথে ইউনিয়ন পরিষদের কাজের ধারা অব্যহত রাখতে ইউনিয়ন পরিষদ প্রতিনিধি হিসাবে ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তাদের উপস্থিতি থাকার বিষয়ে নিশ্চিত করার জন্য অনুরোধ জানান। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণসহ ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তাগন মিটিং এ উপস্থিত থাকবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা (সকল)। |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি এর ২০২৫-২৬ চক্রের জুলাই এবং আগস্ট/২০২৫ (দুই) মাসের খাদ্য শস্য চাহিদা পত্র প্রদান করা হয়েছে এবং প্রাপ্ত ভিডব্লিউবি কার্ডের বিতরণ কার্যক্রম চলমান আছে। মা ও শিশু সহায়তা কর্মসূচির আগস্ট/২০২৫ মাসে ৯টি ইউনিয়ন ও পৌরসভার উপকারভোগীর ডাটাবেজ করে চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে। কিশোর কিশোরী ক্লাব কার্যক্রমের আওতায় ২০২৫ সালের জন্য ১০টি ক্লাবের ক্লাস কার্যক্রম চলমান। কৈলাশগঞ্জ ইউনিয়নে ০১টি ও তিলডাঙ্গা ইউনিয়নে ০১টি মোট= ২টি উঠান বৈঠক করা হয়েছে। উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা, উপজেলা বাল্য বিয়ে প্রতিরোধ কমিটির সভা ও উপজেলা মানব পাচার প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হবে। ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | ভিডব্লিউবি কার্ড বিতরণ তদারকিসহ আলোচ্য বিষয়ে সঠিক বাস্তায়ন ও দপ্তরের অন্যান্য বিষয়ে কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ৯. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, সরকারী বিধিমালা অনুযায়ী যুব ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। বেকারদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ২২,৬৩,৫০০/- টাকার ঋণ প্রদান করা হয়। খেলাপী ঋণ আদায়ে জোরালো পদক্ষেপ গ্রহণ কার্যক্রম চলমান আছে। এ বিষয়ে সহযোগিতার লক্ষ্যে উপজেলা প্রশাসনসহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যানদের আনুরোধ জানানো হয়। | আলোচ্য বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণসহ পরবর্তী সভায় ঋণ আদায়ের হার উল্লেখ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। |
| ১০. | উপজেলা বন বিভাগ। | উপজেলা ফরেস্টার, (সামাজিক বন বিভাগ) সভায় জানান যে, দাকোপ উপজেলায় বর্তমানে ২০ টি করাত কল আছে। ১৩ টি করাত কলের বৈধ কাগজপত্র আছে। অবশিষ্ট ৭ টি করাত কলের মধ্যে ২ টি করাত কলের মামলা চলমান, ২টি করাত কলের মালিকের আবেদনের প্রেক্ষিতে লাইসেন্স এর কাজ প্রক্রিয়াধীন, নদী ভাঙ্গনে পড়ে ১টির কার্যক্রম বন্ধ আছে এবং ২টি করাত কল | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা বন কর্মকর্তা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | অবৈধভাবে ব্যবসা পরিচালনা করছে। উল্লেখ্য কিছু করাত কল জনবহুল রাস্তার পার্শ্বে হওয়ায় করাত কলের কাঠের গুড়া চোখে মুখে লাগার কারণে সাধারণ মানুষের চলাচলে কষ্ট হয়। এদের ভালো কোনো বর্জ ব্যবস্থাপনা নেই। এসব করাত কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা পূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | |
| ১১. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কার্যালয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সামনে নিচু থাকায় বর্ষা মৌসুম আসলেই বৃষ্টির পানিতে ডুবে জলবদ্ধতার সৃষ্টি হয় এবং মশার উপদ্রব বেড়ে যায়। বিষয়টি সমাধানের লক্ষ্যে সামনের রাস্তাটি উচু করে সংস্কার করাসহ প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক কার্যকরী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ১২. | উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জাননা যে, ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে যারা মৃত্যু বরণ করেছে সার্ভারে তাদের ডাটার সঠিক তথ্য আপলোডের বিষয়ে সহযোগীতার লক্ষ্যে পৌরসভাসহ সকল ইউনিয়ন পরিষদকে জন্ম-মৃত্যুর মাসিক প্রতিবেদনের কপি উপজেলা সার্ভার স্টোশনে দেয়ার জন্য অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | আলোচ্য বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে বিগত ১ বছরের যে মৃত্যু সনদগ প্রদান করা হয়েছে। তার তালিকা নির্বাচন অফিসে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, চালনা পৌরসভা, উপজেলা নির্বাচন কর্মকর্তা ও ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা (সকল)। |
| ১৩. | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা মৎস্য কর্মকর্তার। |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ১৫. | উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ১৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |
| ১৭. | উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে | | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| ১৮. | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ১৯. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা। |
| ২০. | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড। |
| ২১. | উপজেলা পরিসংখ্যান কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা। |
| ২২. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |
| ২৩. | দাকোপ সাব-জোনাল অফিস, খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইন-চার্জ পল্লী বিদ্যুত সমিতি। |
| ২৪. | পল্লীসঞ্চয় ব্যাংক। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৫. | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৬. | চেয়ারম্যান, ২ নং দাকোপ, ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৭. | প্যানেল চেয়ারম্যান, ৩ নং লাউডোব ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৮. | প্যানেল চেয়ারম্যান, ৪ নং কৈলাশগঞ্জ ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ২৯. | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ৩০. | চেয়ারম্যান ৬ নং কামারখোলা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ৩১. | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ৩২. | চেয়ারম্যান ৮ নং বাজুয়া ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |
| ৩৩. | চেয়ারম্যান ৯ নং বানিশান্তা ইউপি। | দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। | | ইউপি চেয়ারম্যান। |

৩৪. **বিবিধ আলোচনা:** সভায় সংশ্লিষ্ট সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকাসহ কার্যপত্রের হার্ড কপি ০২(দুই) দিন পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে ও সফট কপি উপজেলা পরিষদ দাকোপ, খুলনা কার্যালয়ের ই-মেইলে upazilaparishaddakop@gmail.com প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

২৮/০৮/২৫

মো: আসমত হোসেন
প্রশাসক
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
ও
সভাপতি
উপজেলা পরিষদ, উন্নয়ন সমন্বয় সভা
দাকোপ, খুলনা।

স্মারক নং- ৪৬.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৫.০৯ (৫০)

তারিখ ০৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ / ২৮ আগস্ট ২০২৫ খ্রি:

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. জেলা প্রশাসক, খুলনা।
৪. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা।
৫. প্রশাসক, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
৬. উপজেলা ........................................অফিসার (সকল), দাকোপ, খুলনা।
৭. চেয়ারম্যান/প্রশাসক .................................. ইউনিয়ন পরিষদ (সকল), দাকোপ, খুলনা।
৮. অফিস কপি।

২৮/০৮/২৫

উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।
unodacope@mopa.gov.bd

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাকোপ, খুলনা।
www.dacope.khulna.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৫- ৪০৯(৫০)

তারিখ- ১১ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৬ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

আগস্ট/২০২৫ মাসের উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভা আগামী ২৮/০৮/২০২৫ খ্রিষ্টাব্দ রোজ বৃহস্পতিবার বেলা ১২.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, কার্যপত্রের হার্ড কপি ০২(দুই) দিন পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে ও সফট কপি উপজেলা পরিষদ দাকোপ, খুলনা কার্যালয়ের ই-মেইলে (upazilaparishaddakop@gmail.com) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচি :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. পূর্ববর্তী মাসের সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন দপ্তরভিত্তিক আলোচনা।
৪. বিবিধ।

২৬/০৮/২৫
মোঃ আসমত হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।
unodacope@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৫- ৪০৯(৫০)

তারিখ- ১১ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
২৬ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা।
৪. জেলা প্রশাসক, খুলনা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা।
৬. প্রশাসক, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
৭. উপজেলা ..........................................অফিসার (সকল), দাকোপ, খুলনা।
৮. চেয়ারম্যান .................................... ইউনিয়ন পরিষদ (সকল), দাকোপ, খুলনা।
৯. অফিস কপি।

২৬/০৮/২৫
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।

CamScanner